ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১২

আগরতলা, ১৮ অক্টোবর,২০২৫

# পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে গতকাল জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উক্ত স্থায়ী কমিটির সভাপতি শিবায়ন দাস। সভায় জিলা পরিষদের সদস্য সদস্যাগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের আধিকারিক জানান, স্বাবলম্বন প্রকল্পে ২০২৫-২৬ অর্থবছরে পশ্চিম জেলায় ৭৩ জনের ঋণের আবেদনপত্র মঞ্জুর করা হয়েছে। এরমধ্যে ৭ জনকে ঋণ প্রদান করা হয়েছে। পি.এম.ই.জি.পি. প্রকল্পে পশ্চিম জেলায় চলতি অর্থবছরে ২৬ জনের ঋণের আবেদনপত্র মঞ্জুর করা হয়েছে। পি.এম. বিশ্বকর্মা প্রকল্পে ৬২৮ জনের ঋণ মঞ্জুর করা হয়েছে। হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে পশ্চিম জেলায় ৩৩.৪০ একর জমি তুঁত চাষের আওতায় এসেছে। এরফলে ৬৬ জন সুবিধাভোগী উপকৃত হয়েছে। এছাড়া এবছর সেপ্টেম্বর মাস পর্যন্ত ১৬০০ কেজি রেশম গুটি পোকার চাষ হয়েছে বলে আধিকারিক জানান। পশ্চিম জেলার অন্তর্গত আগরতলা, যোগেন্দ্রনগর, মজলিশপুর, মোহনপুর ও শানখলা হস্তকারু ক্লাস্টারগুলিতে কারুশিল্পের উপর প্রশিক্ষণ চলছে এবং প্রতিটি ক্লাস্টারে ৩০ জন করে শিল্পীকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

*****